

সদালাপ এর সঙ্গে আত্মার সম্পর্ক

প্রায় জন্মলগ্ন থেকেই আমি সদালাপ এর সঙ্গে আত্মার একটি সম্পর্ক রেখে আসছি। এতে বিশেষ করে মুক্তিচিন্তার প্রকাশ ঘটতো বিধায় আমি একে বেশী পছন্দ করতাম। আ.স.ম জিয়াউদ্দিন ভাই একে আগলে রেখেছিলেন অত্যন্ত সযতনে। তিনি কখনও মধ্যযুগীয় মানসিকতাকে প্রশংসা দেননি, নিজেও তার ধারে কাছে নেই। যার ফসল আমার ভেতরের ভালোবাসাটি সদালাপের জন্যে আরো পাকাপোক্ত হয়। সেই পাকাপোক্কের ভীত বিন্দুমাত্র নড়েনি যখন নতুন একজন বিজ্ঞ সম্পাদক এর হাল ধরলেন। আর একে চালাতে লাগলেন জিয়াউদ্দিন ভাইয়ের মতোই সমান মানসিকতায়। ধন্যবাদ, শুভেচ্ছা ও অভিনন্দন নতুন চিন্তা-চেতনার, প্রগতিশীল মনের অধিকারী নতুন সম্পাদককে।

অনেক দেরীতে হলেও আশা করি সদাশয় সম্পাদক আমার শুভেচ্ছা গ্রহণে কার্পণ্য করবেন না। বাঙলা নববর্ষ ১৪১২এর চৈতীফুলের গন্ধভরা শুভেচ্ছা সকল সম্মানিত পাঠকদের জন্যে।

সত্যি যেটা সত্যি
মিথ্যে নয় এক রত্তি
সেই কথাটি বলতে থাকে
কাব্য রসিক সদালাপ,
মিথ্যেগুলো ভাগতে থাকে
বলতে থাকে বাপরে বাপ...!!

ধন্যবাদান্তে-

দেওয়ান আবদুল বাসেত

সম্পাদক, মরুপলাশ / রুপসী চাঁদপুর



প্রকাশনার ১৭ বছর

E-mail: editor@marupalash.com

www.marupalash.com